

হেমাত গ্রাইফ উইমেন্স এইড্ (HEMAT GRYFFE WOMENS AID)



সংখ্যালঘু সম্প্রদায়ের মহিলা, ছোট ছেলেমেয়ে ও অল্পবয়সী তরুণ তরুণী, যারা নানা ভাবে নির্যাতন সহ্য করছে যেমন পরিবারের সদস্যরাই যেখানে অত্যাচার করছে, ইচ্ছার বিরুদ্ধে জোর করে বিবাহ দিচ্ছে ও পারিবারিক সম্মানের দোহাই দিয়ে অত্যাচার করছে, সেই অত্যাচারিত মানুষদের জন্য এই প্রতিষ্ঠান কাজ করে এবং এরা বিভিন্ন সম্প্রদায়ের দেশীয় ও ধর্মীয় রীতিনীতি অনুসারে তাদের সাহায্য করে থাকে।

Flat 0/1, 24 Willowbank Street, Glasgow G3 6LZ

টেলিফোন: 0141 353 0859 ফ্যাক্স: 0141 564 1316

ইমেল : womensaid@hematgryffe.org.uk ওয়েব: www.hematgryffe.org.uk

হেমাত গ্রাইফ উইমেন্স এইড হল একটা স্বৈচ্ছাসেবী প্রতিষ্ঠান যারা বিনা খরচে ও গোপনীয়তা রক্ষা করে এশিয়ান, কালো ও সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষজনের জন্য কাজ করে থাকে। বিশেষ ভাবে মহিলা, ছোট ছেলেমেয়ে ও তরুণতরুণী যাদের উপরে পরিবারের মানুষই নির্যাতন করছে, তাদের আমরা সাহায্য করে থাকি। অত্যাচারিত মানুষদের জন্য আমাদের দরজা সর্বদাই খোলা, সাহায্য চাইছেন এমন মহিলাদের আমরা কখনই ফিরিয়ে দিই না।

মহিলাদের জন্য সেবা (সার্ভিস)

- মহিলা ও ছেলেমেয়েদের জন্য সঙ্কটকালীন অস্থায়ী বাসস্থান (রেফিউজ)-এর ব্যবস্থা করা
- মহিলারা স্থায়ী বাসস্থানে ফিরে যাবার পরেও তাঁদের সাহায্য করতে থাকা
- সমাজের বিভিন্ন এলাকায় যে সব মহিলারা পারিবারিক নির্যাতন সহ্য করছেন তাঁদের সাহায্য করা বিশেষত যদি তাঁরা আকস্মিক কোনও বিপদে পড়েন

বিভিন্ন পরিস্থিতিতে আমরা সাহায্য করে থাকি যেমন,

- মতের বিরুদ্ধে যদি বিয়ের ব্যবস্থা করা হয়
- যদি বাসস্থানের প্রয়োজন থাকে
- ওয়েলফেয়ার রাইটস্ (সরকারের পক্ষ থেকে যে সাহায্য পাবার অধিকার আপনার আছে তা যাতে আপনি পান, সেই জন্য চেষ্টা করা)
- চাকরি
- আপনার মুখপাত্র হিসাবে কাজ (অ্যাডভোকেসি) করা
- ইমিগ্রেশন - স্বামী বা স্ত্রী এ দেশে আছেন বলে যাঁরা এ দেশে আসার ভিসা পেয়েছেন তাঁদের জন্য কাজ করা
- আইন সংক্রান্ত বিষয়গুলিতে সাহায্য করা
- একা যদি কোনও ব্যক্তির সাথে আপনার সমস্যার কথা বলতে চাইলে, সেই ব্যবস্থা করা
- মহিলাদের দলগুলি
- আমাদের কর্মীদের মধ্যে অনেকে আছেন যাঁরা একাধিক ভাষায় কথা বলতে পারেন

ছোট ছেলেমেয়ে ও তরুণতরুণীদের জন্য সেবা (সার্ভিস)

- অল্পবয়সী মহিলা যাদের বয়স ১৬ বছর বা তার বেশি, তাদের জন্য সঙ্কটকালীন অস্থায়ী বাসস্থান (রেফিউজ)-এর ব্যবস্থা করা
- রেফিউজ বা অস্থায়ী বাসস্থান ছেড়ে স্থায়ী বাসস্থানে যাবার পরেও ছোট ছেলেমেয়ে ও তরুণ তরুণীদের সাহায্য করতে থাকা
- যে সব ছেলেমেয়ে ও তরুণ তরুণীরা পারিবারিক নির্যাতন সহ্য করছে, যাদের মতের বিরুদ্ধে জোর করে বিয়ে দেওয়া হচ্ছে বা অন্যান্য দেশীয় বা ধর্মীয় ব্যাপারে যাদের সমস্যা আছে তাদের সাহায্য করা বিশেষত যদি তারা আকস্মিক কোনও বিপদে পড়ে থাকে

আমাদের সাপোর্ট ওয়ার্কার (সাহায্য কর্মীরা) যে সাহায্যগুলি দিতে পারবে :

- আপনার যে নিরাপদে থাকার অধিকার আছে, সেটা জানাবে
- আপনাকে ব্যক্তিগত ভাবে সাহায্য করবে
- আপনাকে দলগত ভাবেও সাহায্য করবে
- আপনি যাতে অন্যদের সাথে পরামর্শ করতে পারেন সেই বিষয়ে সাহায্য করবে
- আপনাকে স্কুলে সাহায্য করবে
- আপনার বক্তব্য শুনবে
- কঠিন সিদ্ধান্ত নিতে আপনাকে সাহায্য করবে
- আপনার প্রয়োজনগুলি অন্যদের জানাবে
- আপনাকে নিরাপদে থাকতে সাহায্য করবে



হেমাত গ্রাইফ উইমেন্স এইড হল একটা লিমিটেড কোম্পানি, কোম্পানীস্ অ্যান্ড-এর গ্যারান্টি দ্বারা সীমাবদ্ধ (কোম্পানী নাম্বার SC419662) এবং এটা একটা রেজিস্টার্ড চ্যারিটি (চ্যারিটি নাম্বার SCO12849) ও এদের রেজিস্টার্ড অফিসের ঠিকানা হল Flat 0/1, 24 Willowbank Street, Glasgow, G3 6LZ। এরা স্কটল্যান্ডের ইনল্যান্ড রেভিনিউ কর্তৃক দাতব্য প্রতিষ্ঠান (চ্যারিটি) হিসাবে স্বীকৃতিপ্রাপ্ত।

HEMAT GRYPPE WOMENS AID is a company limited by guarantee incorporated under the Companies Acts (Company Number SC419662) and a registered charity (Charity Number SCO12849) having its registered office at Flat 0/1, 24 Willowbank Street, Glasgow, G3 6LZ. Recognised as a charitable organisation by the Inland Revenue in Scotland